

ঢাকা ওয়াসা

১৯। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ২০০৮ইং সালে আইন কর্মকর্তার অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা স্থায়ী অগ্রীম মঞ্জুর করা হয় (নোট অনুঃ-১৩ সদয় দ্রষ্টব্য)। বর্তমানে আইন বিভাগের কাজের পরিধি অনেক বৃদ্ধি পেয়েছে। ২০০৮ সালের তুলনায় মামলার সংখ্যা বহুগুণ বৃদ্ধি পেয়েছে। সাথে সাথে বাজারে দ্রব্যমূল্যের দামও অনেক বেড়ে গেছে। আদালত হতে মামলার ওকালতনামা সম্পাদন, হলফনামা সম্পাদন, সই মহুরী নকল উত্তোলন, সম্পূরক তথ্য উত্তোলন ও আর্জির কপি সংগ্রহ করতে হয়। কোর্ট ফি, স্ট্যাম্প ও নীল কাগজ ক্রয় করতে হয়। মামলার আর্জি সহ জরুরী কাগজ পত্রাদি ফটোকপি করতে হয়। এসব কাজ করতে অনেক টাকা লাগে। কোর্ট হতে মামলার সই মহুরী নকল উত্তোলন করতে ৫,০০০/- - ৬,০০০/- (পাঁচ হতে ছয় হাজার), জরুরী সম্পূরক তথ্য উত্তোলন করতে ৪,০০০/- - ৫,০০০/- (চার থেকে পাঁচ হাজার) এবং প্রতিটি মামলার হলফনামা সম্পাদন করতে প্রায় ৫,০০০/- টাকা খরচ হয়। প্রতি মাসে কম্পিউটার প্রিন্টিং এর কাগজ, কলম, আইনের বই, গেজেট, ডি.এল.আর, সাবান ও টয়লেট টিসুসহ জরুরী জিনিসপত্র ক্রয় করতে হয়। জরুরী মামলার প্রয়োজনে প্রায়ই প্যানেলভুক্ত আইনজীবীদের অফিসে ডেকে মামলার বর্তমান অবস্থা ও পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা করতে হয় বিধায় তাঁদের আপ্যায়নের ব্যবস্থা করতে হয়। এসব কাজ করতে মাসে অনেক টাকা খরচ হয়ে থাকে। ফলে আইন কর্মকর্তার অনুকূলে মঞ্জুরীকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকার স্থায়ী অগ্রীম মাসে কয়েক বার হিসাব বিভাগ কর্তৃক সমন্বয় করতে হয়। এই সমন্বয়ের প্রক্রিয়া সময় সাপেক্ষ ব্যাপার এবং মাসে কয়েক বার সমন্বয়ে হিসাব বিভাগের কাজের পরিধি বেড়ে যায় ফলে বিব্রতবোধ করে। এছাড়া জরুরী প্রয়োজনে অস্থায়ী তহবিলের জন্য সচিব, উপ-ব্যবস্থাপনা পরিচালক(প্রঃ ও অর্থ), ব্যবস্থাপনা পরিচালক ও হিসাব বিভাগে চিঠি প্রদান করে অর্থ সংগ্রহ করতে সময় লাগার কারণে সঠিক সময়ে প্রয়োজনীয় নগদ অর্থ জোগান দেওয়া সম্ভব হয় না ফলে আইনগত কাজে জটিলতার সৃষ্টি হয়। এমতাবস্থায় :-

ক) আইন কর্মকর্তার অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রতিটি ভাউচার অনুমোদন করার অনুমতি প্রদান

খ) ঢাকা ওয়াসার বিভিন্ন আদালতে চলমান মামলার জরুরী পদক্ষেপ গ্রহণের স্বার্থে এবং যাতে স্থায়ী অগ্রীম(ইম্প্রেস্ট) সমন্বয়ের জন্য কয়েক দিন পর পর হিসাব বিভাগে যেতে না হয় সেই লক্ষ্যে আইন বিভাগের স্থায়ী অগ্রীম (ইম্প্রেস্ট) ১০,০০০/- (দশ হাজার) টাকার স্থলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করার প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

২/১২/১৩
মোঃ জাহিদুল ইসলাম
আইন কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

D. M. D. (Adm) Sir, Pls

Attested

26/12/2013

মোঃ জাহিদুল ইসলাম
আইন কর্মকর্তা
ঢাকা ওয়াসা।
Note sheet

২০,০০০/- (বিশ হাজার) টাকার স্থলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করার প্রস্তাব

মোঃ জাহিদুল ইসলাম
আইন কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

2/12/13
মোঃ জাহিদুল ইসলাম
আইন কর্মকর্তা
ঢাকা ওয়াসা।